কালের কণ্ঠ

তারিখ 06 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বিজয়নগর সীমান্তে আটক ১৫ শিক্ষার্থী জেলহাজতে

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি ▷

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার সীমান্ত এলাকায় 'সন্দেহজনক ঘোরাফেরা' করার সময় বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) হাতে আটক ১৫ শিক্ষার্থীকে জেলহাজতে পাঠানো হয়েছে। আদালতের নির্দেশে গতকাল শুক্রবার বিকেলে তাদের জেলহাজতে পাঠানো হয়। আগামীকাল রবিবার তাদের জামিন আবেদন করা হতে পারে।

ব্রাহ্মণবাড়িয়া আদালতের উপপরিদর্শক (সিএসআই) আকবর হোসেন জানান, সন্দেহভাজন হিসেবে গ্রেপ্তার দেখিয়ে ১৫ জনকে আদালতে পাঠানো হয়। সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আয়েশা আক্তার তাদের জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

গত বৃহস্পতিবার সকালে সিঙ্গারবিল ইউনিয়নের কাশিনগর সীমান্ত এলাকা থেকে বিশ্ববিদ্যালয় ও কলেজের ১৩ শিক্ষার্থীসহ ১৫ জনকে আটক করে বিজিবি। সন্দেহভাজন হিসেবে তাদের বিকেলে বিজয়নগর থানায় সোপর্দ করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলো সাউথ ইস্ট ইউনিভার্সিটিতে অধ্যয়নরত মো. জায়িম খান, মো. মেহেদি হাসান, আশিক মিয়া, তারেক হোসেন, এ কে এম সালেহীন, মো. রবিউল, মো. জুনায়েদ হোসেন, একই ইউনিভার্সিটি থেকে সদ্য পাস করা মো. আবুল হাসনাত, মো. মনিরুজ্জামান, আমেরিকান ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এআইইউবি) ইয়াহিয়া হোসেন সাজ্জাদ, প্রাইম এশিয়া ইউনিভার্সিটির নিয়াজ আহমেদ তুষার, শ্যামলী পলিটেকনিক ইনস্টিটিউটের মো. আরিফ, নর্দান ইউনিভার্সিটির মো. সাইফুল ইসলাম, উত্তরা ইউনিভার্সিটির আলমগীর হোসেন ও ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের ম্যানেজমেন্টের ছাত্র মো. ইমন। প্রাথমিক জিজ্ঞাসাবাদে বিজিবি ও পুলিশকে তারা জানিয়েছে, ঘোরার জন্যই সীমান্ত এলাকায় এসেছিল। ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার বিরাসার গ্রামের সাইফুল ইসলামের বাড়িতে তারা বেড়াতে এসে সীমান্ত এলাকায় ঘুরতে যায়।